বাংলাদেশ শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো
ডকুমেণ্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 JUN 1989 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ...

122

## উত্তরায় স্কুল ও কলেজ চাই

গত ১৬ জুন'৮৯ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে উত্তরায় স্কুল-কলেজ চাহিয়া যে বক্তব্য উপস্থাপন করা হইয়াছে তাহার সঙ্গে আমরা সম্পূর্ণ একমত। উত্তরা মহানগরীর বৃহৎ আবাসিক এলাকা। অথচ শিক্ষার সুযোগের অভাবে এই জনপদটি আশানুরূপভাবে গড়িয়া উঠিতে পারিতেছে না। আইন-শৃঙ্খলা রক্ষাকল্পে সম্প্রতি সরকার উত্তরায় একটি পূর্ণাঙ্গ থানা ও দুইটি পুলিশ ফাঁড়ি প্রতিষ্ঠিত করিয়াছেন। কিন্তু এলাকাবাসীর সন্তান-সন্ততিদের লেখাপড়ার সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক উন্নতমানের স্কুল বা কলেজ এইখানে এখনও প্রতিষ্ঠিত হয় নাই। সরকার বর্তমান বাজেটে প্রতিরক্ষার পরেই শিক্ষা খাতকে দ্বিতীয় সর্বোচ্চ প্রাধান্য দিয়াছেন। এই প্রেক্ষিতে উত্তরায় অবিলম্বে অন্ততঃ একটি গার্লস স্কুল ও একটি পূর্ণাঙ্গ ডিগ্রী কলেজ প্রতিষ্ঠার জন্য সরকারের নিকট আবেদন জানাইতেছি।

—এ, কে, এম শহীদুল্লাহ্ ও এ এইচ এম, বশির আহমেদ, উত্তরা মডেল টাউন, ঢাকা।